**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং-সিএও/পবম/বিভাগীয় হিসাব/২০-২১/ ১৪১৩ তারিখঃ ০৭/১২/২০২০ খ্রি.

বরাবর
হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

বিষয়ঃ বাংলাদেশ বন অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন পে-পয়েন্টে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জিপিএফ ব্যালেন্স আপলোড প্রসঙ্গে ।

সূত্রঃ বিবক, ঢাকা বন বিভাগের পত্র নং-২২.০১.০০০০.৬০৮.০০৫.০২১.২০.২৩৬৩ তারিখঃ ২৬/০৮/২০২০ খ্রি.

উপর্যুক্ত সূত্রস্থ বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২.সূত্রস্থ স্মারকের পত্রের মাধ্যমে (কপি সংযুক্ত) বাংলাদেশ বন অধিদপ্তর এর আওতাধীন বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ঢাকা বন বিভাগে কর্মরত জনাব মোঃ শহিদুল ইসলাম হাওলাদার, ফরেষ্ট রেঞ্জার এর জিপিএফ হিসাব নং-সিএও/বন/৮৭০৪ হতে ১১,০০,০০০/- (এগারো লক্ষ) টাকা অগ্রীম উত্তোলনের জন্য প্রধান বন সংরক্ষক মহোদয়ের অফিস আদেশ নং-৫৩৩/এস তারিখঃ ২৮/০৭/২০২০ মূলে মঞ্জুরী প্রদান করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু ২০১৯-২০২০ অর্থ বছরের পূর্বে জিপিএফ এর জমাকৃত টাকা হিসাবে প্রদর্শিত না হওয়ায় মঞ্জুরীকৃত টাকা প্রদান করা সম্ভব হচ্ছে না বলে সূত্রস্থ স্মারকে উল্লেখ করা হয়। ফলে জনাব মোঃ শহিদুল ইসলাম হাওলাদার,ফরেস্ট রেঞ্জার এর জিপিএফ অগ্রীম উত্তোলনের জন্য জিপিএফ ব্যালেন্স হাল-নাগাদ করার জন্য এ কার্যালয়কে অনুরোধ করা হয়েছে।

৩. যেহেতু ২০১৮-২০১৯ অর্থ বছরে মে/২০১৯ হতে বাংলাদেশ বন অধিদপ্তরের আওতাধীন সকল পে-পয়েন্ট এ আইবাস++ সিস্টেম প্রবর্তন করা হয়েছে সেহেতু জিপিএফ রিপোর্ট এ মে/২০১৯ হতে GPF Subsidiary Ledger Subscription, Withdrawal, Refund এ অর্থ প্রদর্শিত হচ্ছে। ২০১৮-২০১৯ অর্থ বছরের জুলাই'২০১৮ হতে এপ্রিল'২০১৯ পর্যন্ত সিএএফও/পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের GPF Report এ Subscription, Withdrawal, Refund এ অর্থ প্রদর্শিত হয়েছে।

৬. বন অধিদপ্তরের আওতাধীন পে-পয়েন্ট সমূহে কর্মরত কর্মকর্তাদের এ কার্যালয় কর্তৃক ২০১৭-২০১৮ সালের GPF Closing Balance Upload করলে ২০১৮-২০১৯ Opening Balance এ ২০১৭-২০১৮ এর Closing Balance প্রদর্শিত হলেও Subscription, Withdrawal, Refund জুলাই/২০১৯ হতে এপ্রিল'২০২০ পর্যন্ত প্রদর্শিত হবে না। অন্যদিকে ২০১৮-২০১৯ অর্থ বছরের Closing Balance Upload করলে ২০১৯-২০২০ অর্থ বছরের Opening Balance এ Balance বৃদ্ধি পাবে। (আলোচ্য মোঃ শহিদুল ইসলাম হাওলাদার এর ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরের GPF Subscription,Ledger Report এ সদয় দ্রষ্টব্য)

৭. বাংলাদেশ বন অধিদপ্তরের বিভাগীয় হিসাব বিধায় বাংরাদেশ বন অধিদপ্তরের আওতাধীন সকল পে-পয়েন্ট এ কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জিপিএফ হিসাব সিএএফও/পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত হয়ে থাকে।

৮. ২০১৮-২০১৯ অর্থ বৎসরে মে'২০১৯ হতে বাংলাদেশ বন অধিদপ্তরের আওতাধীন পে-পয়েন্ট সমূহে আইবাস++ সিস্টেম প্রবর্তিত হয়। ফলে মে'২০১৯ হতে পেনশনের দাবী ব্যতিরেকে সকল প্রকার দাবী আইবাস++ এর মাধ্যমে পরিশোধ হয়ে থাকে।

৯. জনাব শহিদুল ইসলাম, ফরেষ্ট রেঞ্জার এর জিপিএফ হিসাব নং-সিএও/বন/৮৭০৪ এর ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরের আইবাস++ এর জিপিএফ রিপোর্ট এ GPF Subsidiary Ledger পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে মে'২০১৯ এবং জুন'২০১৯ মাসে Subscription প্রদর্শন হলেও (যেহেতু মে'২০১৯ হতে বন অধিদপ্তরের আওতাধীন পে-পয়েন্ট সমূহে আইবাস++ সিস্টেম প্রবর্তন হয়) Opening Balance এ কোন অর্থ প্রদর্শিত হয়নি। ২০১৯-২০২০ অর্থ বছরে GPF Subscription Ledger এ জুলাই'২০১৯ হতে জুন (প্রি)'২০২০ পর্যন্ত Subscription প্রদর্শিত হলেও Opening Balance এ প্রদর্শিত ৩৯,৬৩৩/৭৫ টাকা। আলোচ্য ব্যক্তির ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরে জিপিএফ হিসাব আইবাস++ এ অসম্পূর্ণ রয়েছে।

এমতাবস্থায় আলোচ্য বর্ণনার আলোকে GPF Balance Upload করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(শিল্পী দাস)
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
ফোন নং-৯৩৬০০১৯

স্মারক নং-সিএও/পবম/বিভাগীয় হিসাব/২০-২১/১৪৩৩/২ তারিখঃ ০৩/১২/২০২০ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ঢাকা বন বিভাগ, গুলশান রোড, বন ভবন , মহাখালী, ঢাকা।

০২. অফিস কপি/ গার্ড ফাইল।

(শিল্পী দাস)
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
ফোন নং-৯৩৬০০১৯